KOTULPUR P.S. KOTULPUR BANKURA W.B.

W.B.P.FORM No. 27

# FIRST INFORMATION REPORT

03026

First information of a cognizable crime reported under section 154 Cr. P.C., at P.S.

1. Dist. Bankura Sub-Divn Bishnupur P.S. Kotulpur Year 2017 FIR No. 174 Date 01.08.17
2. (i) Act I.P.C. Sections 498A/406/506/34 (ii) Act D.P. Act Sections 3/4
   (iii) Act ........ Sections ........ Other Acts & Sections ........
3. (a) General Diary Reference : Entry No. 50 Time 19:25 hrs.
   (b) Occurrence of Offence : Day From the month of October-2016 to till date and on 13/04/17 Date ........ Time ........
   (c) Information Received Date 01.08.2017 Time 19.25 hrs.
   G.D. No. 50 dt. 01.08.2017 at the Police Station : Kotulpur
4. Type of information : Written / Oral Received through S.P. Bankura vide Memo no. 806/PS dt. 26/07/2017.
5. Place of Occurrence : (a) Direction and Distances from P.S. ........
   (a) Address Vill – Brahmangram, P.S – Joypur, Dist – Bankura
   (b) In case outside limit of this Police Station, then the name of P.S. Joypur P.S.
   District Bankura
6. Complaint/Informant :
   (a) Name Smt. Tiya Ghosh (Mondal)
   (b) Father's / Husband's Name Shri Bachu Mondal
   (c) Date / Year of Birth Age – 20 years
   (d) Nationality Indian
   (e) Address Brahmangram, P.S – Joypur, Dist – Bankura, A/P – Joyrambati, P.S – Kotulpur, Dist – Bankura
7. Details of Known / Suspected / Unknown / Accused with full particulars. 1. Ushakar Mondal S/o – Jatindra 2. Manjushri Mondal W/o – Ushakar 3. Bappa Mondal S/o – Ushakar 4. Debashree Mondal, W/o – Bappa 5. Bappa Mondal S/o – Ushakar all of Vill – Brahmangram, P.S – Joypur, Dist – Bankura
   (Attach separate sheet, if necessary)
8. Reasons for delay in reporting by complaint / informant As the complainant was not well mentally and physically this delay occured
9. Particulars of properties stolen / Involved : (attach separate sheet, if required) : ........
10. Total value of Properties stolen / Involved : ........
11. Inquest report / U.D. : Case No., if any : ........
12. FIR Contents : (Attach separate sheet, if required) The original written complaint which is treated as FIR. is attached herewith.
13. Action taken : Since the above report reveals commission of offence(s) u/s 498A/406/506/34 IPC. and Sec 3/4 of the D.P. Act.

registered the case and ~~tookup the investigation~~ / directed S.I. Bindheswar Garain ........ to take up the investigation transferred to P.S. ........ on point of jurisdiction. FIR read over to the complaint/ informant admitted to be correctly recorded and a copy given to the complaint / Informant free of cost.

Signature is available on the original written complaint

Signature/ Thumb Impression of the Complainant/ Informant

Ramnarayan Pal 01.08.17

Signature of the officer-incharge, Police Station with

Name : RAMNARAYAN PAL

Rank : S.I. OF POLICE, O.C. KOTULPUR P.S. BANKURA

Number if any : ........

Officer-in-Charge Kotulpur P.S. Dist.-Bankura

To
The Superintendant of Police, Bankura
P.O + P.S - Bankura, Dist:- Bankura.

OFFICE OF THE SUPERINTENDENT ... RECEIVED 26 JUL 2017

মাননীয় মহাশয়,

আমি শ্রীমতী প্রিয়া ঘোষ (মন্ডল) স্বামী- শ্রী বাচ্চু মন্ডল, বয়স 20 বৎসর, হাল সাং:- জয়রামবাটী (পিত্রালয়) পো:- জয়রামবাটী, থানা:- কোতুলপুর, জেলা:- বাঁকুড়া, আপনার নিকট বিনীত ভাবে জানাইতেছি যে, আমার সহিত বাঁকুড়া জেলার জয়পুর থানার অন্তর্গত ব্রাহ্মণ [illegible] গ্রাম নিবাসী উদয়ভাস্কর মন্ডলের কনিষ্ঠপুত্র বাচ্চু মন্ডলের গত বাংলা ১৪২৩ সালের ২৪শে শ্রাবন (ইং ৯/০৮/২০১৬) তারিখে হিন্দুশাস্ত্রমতে বিবাহ হয়। উক্ত বিবাহে পাত্রপক্ষের দাবী মতো বরপনস্বরূপে নগদ পঞ্চাশ হাজার টাকা, আমার স্বামীকে আমার বাবা প্রদান করেন এবং আটভরি স্বর্ণ-অলংকারাদি, খাট, বিছানা, আলমারী এবং আমার স্বামীকে তাহার ব্যক্তিগত দাবী হিসাবে সোনার হার একটি ও একটি আট-আনা ওজনের সোনার আংটিও আমার বাবা প্রদান করেন। উক্তবিবাহের পর আমি আমার উক্ত স্বামীর সহিত আমার উক্ত শ্বশুরালয়ে স্বামী - স্ত্রী রূপে বসবাস করতে আরম্ভ করি এবং আমার স্বামীর যৌথ সংসারে আমার শ্বশুর উদয়ভাস্কর মন্ডল, পিতা:- যতীন্দ্র মন্ডল, শাশুড়ী:- মঞ্জুশ্রী মন্ডল, স্বামী:- উদয়ভাস্কর মন্ডল, ভাসুর:- বাপ্পা মন্ডল, পিতা - উদয়ভাস্কর মন্ডল জা:- দেবশ্রী মন্ডল, স্বামী:- বাপ্পা মন্ডল ও বসবাস করিতেন। বিবাহের আনুমানিক দুই মাস পর হইতে আমার স্বামী, শ্বশুর, শাশুড়ী, ভাসুর এবং জা সকলে একযোগে আমার পিতৃগৃহ হইতে আরও একলক্ষ টাকা আনিবার প্রস্তাবদিলে আমি আমার পিতার অর্থনৈতিক অস্বচ্ছলতার কথা বিবেচনা করিয়া তাহাদের পুনর্বারের দাবী তথা উক্ত প্রস্তাবের বিরোধীতা করিলে উপরোক্ত সকল ব্যক্তিগন আমার উপর অকথ্য অত্যাচার নির্যাতন করিতে আরম্ভ করে। আমার উক্ত স্বামী তাহার যৌথ সংসারের উপরোক্ত সকল সদস্য তথা আত্মীয়স্বজনগনের প্রত্যক্ষ মদতে দৈনন্দিন রাত্রিতে মদ্যপান করিয়া বাড়ীতে প্রবেশ করিবামাত্র অশ্লীল ভাষায় আমাকে ও আমার পিতা - মাতার নাম ধরিয়া গালিগালাজ করিতে থাকে, আমি তাহার প্রতিবাদ করিলে সকলে মিলে আমাকে মারধোর করিয়া অনাহারে অর্দ্ধাহারে রাখিতে কুন্ঠাবোধ করে নাই। আমার ভাসুর (Indian Army তে) চাকুরি করে বর্তমানে পাঞ্জাবের অমৃতসরে কর্মরত আছেন। বলেন যে আমি Army তে চাকুরী করি, আমাদের [illegible] করতে পারবিনা। আমি উক্তরূপে মানসিক ও শারিরীক অত্যাচার নির্যাতন সহ্য করিয়াও শ্বশুরালয় পরিত্যাগ করিনাই, ভবিষ্যত সুখের আশায় এবং প্রকাশ্যে বলি যে আমার বাবা আপনাদের পুনর্বারের দাবি পূরন করিতে পারিবেন না। কিন্তু আমার উপর যত অত্যাচার নির্যাতন আপনারা করুন আমি শ্বশুরালয় পরিত্যাগ করিবনা। তারপর আমার স্বামীও শ্বশুরালয়ের উক্ত অন্য আত্মীয় তথা সদস্যগন আমার উপর অত্যাচার নির্যাতনের

No-806/PU 26/7/17

O/C Kotulpur PS
Pl take [illegible]

Superintendent of Police Bankura

- মারধর তাড়াইয়া দিলে আমি বাধ্য হইয়া আমার পিতাকে বিষয়টি জানাইলে আমার পিতা তৎক্ষণাৎ আমার শ্বশুরালয়ে আসিয়া আমার শ্বশুর, শাশুড়ী, স্বামী, ভাসুর, জা সকলকে অনুরোধ করেন যাহাতে তাঁহার তাঁহাদের পুনর্বারের দাবী না পূরণ হওয়ার কারণে আমাকে উক্তরূপ অত্যাচার নির্যাতন না করেন। কিন্তু কয়েক-দিন পর হইতে আমার উপর তাহাদের নির্যাতনের মাত্রা ক্রমশঃ বৃদ্ধি পাইতে থাকে এমনকি আমাকে তাহারা আত্মহত্যায় প্ররোচনাও দিতে থাকেন এবং হয় আমাকে আত্মহত্যা করতে হবে নচেৎ আমাকে ~~স্বামী~~ শ্বশুরালয় পরিত্যাগ করতে হবে, তাহলে আমার স্বামী আরও বেশী বরপণ লইয়া অন্যত্রবিবাহ করিবে এইরূপ প্ররোচনা সত্ত্বেও আমি শ্বশুরালয় পরিত্যাগ না করায় এবং আমি আইনগত ব্যবস্থা গ্রহণ করিব এইরূপ বলায় তখনকার মতো আমার স্বামী ও শ্বশুরালয়ের উক্ত অন্য সকলে আমার সহিত হঠাৎ ভালোব্যবহার শুরু করে এবং বলে যে আমার ভাসুরের কর্মস্থানে বেড়াতে লইয়া যাইবে (যেমন আমার ভাসুর পাঞ্জাবের অমৃতসরে চাকুরীতে ছিলেন) আমি তাহাদের কৌশল বুঝিতে না পারায় তাহাতে সম্মত হইলে আমার ভাসুর, জা, আমাকে লইয়া যায় তাহাদের দুইটি বাচ্চাকে দেখাশুনা করিবার জন্য, আমি তাহাতেও কোন প্রতিবাদ করি নাই। তাহার পর ~~অ~~ ২০/১১/১৬ তারিখে ভাসুরের বন্ধুর সাথে আমি শ্বশুরালয় ফিরে আসি, তথায় আমার শ্বশুর ও শাশুড়ী পুনর্বারেরদাবী না মেটায় দুর্ব্যবহারকরিলেও আমি প্রত্যুত্তর করিনাই, এমনকি আমার স্বামী, ভাসুর, জা, শাশুড়ী ও শ্বশুর আমাকে খুন করিয়া দিবার চক্রান্তও করিয়াছিল যাহা হইতে সৌভাগ্যক্রমে তাহাদের দুরভিসন্ধি বুঝিতে পারিয়া প্রাণে বাঁচিয়া যায়। ইতিমধ্যে বেশ কয়েকবার সালিশি সভা হয়। কিন্তু কোন কিছু সুরাহা হয় নাই বরং বিষয়টি উভয় পরিবারের আত্মীয়স্বজন ও প্রতিবেশীদের অবগতির মধ্যে আসায় আমার স্বামী ও শ্বশুরালয়ের উক্ত অন্যান্য সদস্যগনের আমার উপর অত্যাচার নির্যাতনের মাত্রা চরমে উঠিলে গত ১৩/০৪/২০১৭ তারিখে আমার স্বামী, শ্বশুর, শাশুড়ী ভাসুর, জা সকলে আমাকে তাহাদের পুনর্বারের দাবী না পূরনের কারনে চরম অপমান করিয়া মানসিক ও শারিরীক নির্যাতন করিয়া সমস্ত 'স্ত্রী ধন' কাড়াইয়া লইয়া একবস্ত্রে শ্বশুরালয় হইতে তাড়াইয়াদিলে কোনও ক্রমে পিত্রালয়ে আশ্রয় লইয়া জয়পুর থানায় পরবর্তীকালে বিষয়টি জানাইলে এবং শ্বশুরালয় ও পিত্রালয়ের বহু গন্যমান্য ব্যক্তিদের জানাইলেও কোন সুরাহা হয় নাই। আমি খুবই অসহায় অবস্থায় দিনাতিপাত করিতেছি আমার স্বামী, ভাসুর ও শ্বশুরালয়ের অন্য সকল ব্যক্তিগন আমাকে তাহাদের বিরুদ্ধে কোন আইনগত ব্যবস্থা যাহাতে না করি তাহার জন্য বলিতেছে এবং করিলে আমার ক্ষতিসাধন করিবে এইরূপ হুমকি দিতেছে।

কোথাও কোন সহযোগিতা না পাওয়ায় আমার শ্বশুরালয়ের উক্ত সকল ব্যক্তিগনের বিরুদ্ধে আমার উপর উক্ত রূপ অত্যাচার নির্যাতন, মেরে ফেলার চক্রান্ত ও অবশেষে (সমস্ত স্ত্রীধন আত্মসাৎ করিয়া এক বস্ত্রে) বিতাড়িত করিয়া দিবার জন্য যথাযথ আইনগত ব্যবস্থা গ্রহনের অনুরোধ জানাই, শারিরীক ও মানসিক অবস্থা ভালো না থাকায় এই অভিযোগ জানাইতে কিঞ্চিৎ বিলম্ব হইল

তাং ইং:- 24/07/17

নিবেদন
ইতি
টিম্পা ঘোষ (মন্ডল)

Received on 01.08.2017 at 19.25 hrs.
and started Kotulpur P.S.
Case no. 174/17 dt. 01.08.2017
u/s 498A/406/506/34 IPC and
Section 3/4 of the D.P. Act.

01.08.17.
**Officer-in-charge**
Kotulpur P.S.
Dist.-Bankura